

ভর্তি বিজ্ঞপ্তি

০১ (এক) বছর মেয়াদি

সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রাম

শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রাম ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য উপযুক্ত প্রার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করছে।

১. আবেদনকারীর যোগ্যতা: ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয় বা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) স্বীকৃত যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদি স্নাতক (পাশ)/স্নাতক (সম্মান) অথবা চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর/সিজিপিএ ২.০০ পেতে হবে।

গণমাধ্যম/জনসংযোগ/বিজ্ঞাপনসংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরতদের অগ্রাধিকার দেওয়া হয়।

২. আসন সংখ্যা: ৫০

৩. আবেদন প্রক্রিয়া:

ক. আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে অনলাইনে 'প্রাথমিক আবেদনপত্র' পূরণ করতে হবে। অনলাইনে 'প্রাথমিক আবেদনপত্র' পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহ করার তারিখ:

১১ সেপ্টেম্বর থেকে ১২ অক্টোবর ২০২২

খ. জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রাথমিক আবেদন করার পর প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর মোবাইল ব্যাংকিং-এর বিকাশ ০১৯৭৮৮১৮৮৫৬ নম্বরে ৫০০/- (পাঁচশত টাকা) প্রেরণ করতে হবে। রেফারেন্সে প্রাথমিক আবেদনের রোল নম্বর লিখতে হবে। ট্রানজেকশন আইডি সংরক্ষণ করতে হবে।

গ. এরপর ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থী 'ঘ' নির্দেশনা অনুসরণ করে পিআইবি'র ওয়েবসাইট (www.pib.gov.bd) থেকে 'ভর্তি আবেদন ফর্ম' পূরণ করবেন। পূরণ শেষে Submit বাটন চাপ দিয়ে ভর্তি সম্পন্ন করবেন। ভর্তি সম্পন্ন হলে ৪৮ ঘণ্টার মধ্যে ০১৯৭৮৮১৮৮৫৬ নম্বর থেকে নিশ্চিতকরণ বার্তা পাঠানো হবে।

ঘ. আবেদনের পূর্বে অবশ্যই নিম্নলিখিত কাগজ সঙ্গে রাখতে হবে:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ে আবেদনকৃত 'প্রাথমিক আবেদনপত্র'-এর পিডিএফ কপি (শিক্ষার্থীর স্বাক্ষরসহ ও স্বাক্ষরবিহীন)
- পাসপোর্ট আকারের রঙিন ছবি (সর্বোচ্চ ৩ মেগাবাইট)
- স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার সনদ, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত স্ক্যান কপি (পিডিএফ)
- দ্বৈত ভর্তি না হওয়া সংক্রান্ত অঙ্গীকারনামার স্বাক্ষরিত কপি (পিডিএফ)
- সংবাদপত্র, বিজ্ঞাপনী সংস্থা ও অন্যান্য গণমাধ্যম প্রতিষ্ঠানে সাংবাদিকতা ও গণযোগাযোগ-সংশ্লিষ্ট পেশায় নিয়োজিত প্রার্থীদের কোর্সে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্রের পিডিএফ কপি (প্রয়োজ্য ক্ষেত্রে)

পিডিএফ কপির সাইজ সর্বোচ্চ ৩ মেগাবাইট

ঙ. পিআইবি ওয়েবসাইটে অনলাইন আবেদন জমার শেষ তারিখ :

১৩ অক্টোবর ২০২২

৪. কোর্স ফি বাবদ ১৬,০০০/- (ষোলো হাজার) টাকা (এককালীন) প্রদান করতে হবে।

ক্লাস: শুক্রবার ও শনিবার, সকাল ৮টা থেকে বিকাল ৩টা

ক্লাসের সময় পরিবর্তনযোগ্য, ক্লাস শুরু করার তারিখ পরে জানানো হবে

ওয়েবসাইট: www.pib.gov.bd

যোগাযোগ: সমন্বয়কারী, সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিপ্লোমা প্রোগ্রাম
০১৯৭৮৮১৮৮৫৬ (রবিবার-বৃহস্পতিবার সকাল ৮টা থেকে বিকাল ৩টা)

৩, সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০, ফোন: ০২-৪৮৩১০০৮৫

মহাপরিচালক ও অধ্যক্ষ

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

কলেজ কোড-৬৫৬৮
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

